

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ০৫/০৫/২০২৪ খ্রি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজে ২০২২-২০২৩

শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন মাস্টার্স শেষ বর্ষে (২০২২-২০২৩ শিক্ষাবর্ষ) অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। আগামী ০৬/০৫/২০২৪ হতে ৩০/০৫/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত www.edencollege.eshiksabd.com ওয়েবসাইটে প্রবেশ করে ফরম পূরণ করা যাবে। নির্ধারিত সময়ের পর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে (মাস্টার্স শেষ পর্বে) ছাত্রী ভর্তি হতে পারবে না।

যে সকল কোর্সে ইডেন মহিলা কলেজে ভর্তি হওয়া যাবে:

এমএ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন,

এমবিএ: হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং,

এমএসএস: অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান,

এমএসসি: গণিত, রসায়ন, পদার্থবিজ্ঞান, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, ভূগোল ও পরিবেশ, পরিসংখ্যান

২০২২-২০২৩ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষ পর্বে ভর্তি ফি

বিষয়ের নাম	আইসিটি ব্যতীত ফি	আইসিটিসহ ফি	বিষয়ের নাম	আইসিটি ব্যতীত ফি	আইসিটিসহ ফি
বাংলা	৩৫০৫/-	৬৪০৫/-	হিসাববিজ্ঞান	৩৪৫৫/-	৬৩৫৫/-
ইংরেজি	৩৫০৫/-	৬৪০৫/-	ব্যবস্থাপনা	৩৪৫৫/-	৬৩৫৫/-
ইতিহাস	৩৪৫৫/-	৬৩৫৫/-	পদার্থবিজ্ঞান	৩৪৫৫/-	৬৩৫৫/-
ইসলামের ইতিহাস	৩৪৫৫/-	৬৩৫৫/-	রসায়ন	৩৬৫৫/-	৬৫৫৫/-
দর্শন	৩৫০৫/-	৬৪০৫/-	উদ্ভিদবিজ্ঞান	৩৫০৫/-	৬৪০৫/-
ইসলামী শিক্ষা	৩৪৫৫/-	৬৩৫৫/-	প্রাণিবিজ্ঞান	৩৫৫৫/-	৬৪৫৫/-
রাষ্ট্রবিজ্ঞান	৩৫০৫/-	৬৪০৫/-	ভূগোল ও পরিবেশ	৩৫০৫/-	৬৪০৫/-
সমাজবিজ্ঞান	৩৫০৫/-	৬৪০৫/-	মনোবিজ্ঞান	৩৫০৫/-	৬৪০৫/-
সমাজকর্ম	৩৫০৫/-	৬৪০৫/-	গার্হস্থ্য অর্থনীতি	৩৫০৫/-	৬৪০৫/-
অর্থনীতি	৩৪৫৫/-	৬৩৫৫/-	গণিত	৩৫৫৫/-	৬৪৫৫/-
মার্কেটিং	৩৪৫৫/-	৬৩৫৫/-	পরিসংখ্যান	৩৫০৫/-	৬৪০৫/-
ফিন্যান্স	৩৪৫৫/-	৬৩৫৫/-			

সেমিনার ফি, থিসিস ফি, টার্ম পেপার ফি, ও মাঠকর্ম ফি সংশ্লিষ্ট বিভাগ আদায় করবে। এমএ, এমএসএস, এমবিএ গ্রুপের বিভাগের সেমিনার ফি ৪০০/- এবং এমএসসি গ্রুপের বিভাগের সেমিনার ফি ৫৫০/-। থিসিস ফি, টার্ম পেপার ফি ও মাঠকর্ম ফি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত।

২। আইসিটি কোর্স গ্রহণ:

আইসিটি কোর্স মাস্টার্স শেষ পর্বের একটি নন-ক্রেডিট কোর্স। এই কোর্সের প্রাপ্ত নম্বর মাস্টার্সের মূল ফলাফলকে প্রভাবিত করবে না। এটি এক বছরের ডিপ্লোমা কোর্সের সমতুল্য। ঢাকা বিশ্ববিদ্যালয় এর জন্য পৃথক সার্টিফিকেট ইস্যু করবে। তথ্য প্রযুক্তির এ যুগে আইসিটি সনদ খুবই গুরুত্বপূর্ণ বিধায় আইসিটি কোর্স গ্রহণে সকলকে উৎসাহ প্রদান করা হচ্ছে।

০৫/০৫/২০২৪
৫-০৫-২০২৪


৩। **ভর্তির যোগ্যতা:** ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত ছাত্রী যারা ২০২২ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা মাস্টার্স কোর্সে ভর্তি হতে পারবে। এছাড়াও অনার্স ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল ছাত্রী মাস্টার্স শেষ বর্ষে ভর্তি হয়নি তারাও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তি হতে পারবে। তবে অনার্স কোর্স চূড়ান্তভাবে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার সন হতে পরবর্তী ৩ বছর এ ভর্তি ও রেজিস্ট্রেশন বহাল থাকবে। তিন বছরের মধ্যে মাস্টার্স পরীক্ষায় পাশ করতে ব্যর্থ হলে উক্ত ছাত্রী মাস্টার্স পরীক্ষায় আর অংশগ্রহণের সুযোগ পাবে না।

৪। **অন্য কলেজের ছাত্রী ভর্তি:** ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত (৭ কলেজ) অন্যান্য কলেজে অনার্স বিষয়ে মাস্টার্স কোর্স না থাকলে শুধুমাত্র ছাত্রীরা এ কলেজের মাস্টার্স কোর্সে ভর্তি হতে পারবে। এ ক্ষেত্রে নিজ কলেজে মাস্টার্স কোর্স নেই মর্মে অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র ও অনার্স সকল বর্ষের নম্বরপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৪। **শিক্ষার্থীর করণীয়:** উপরোল্লিখিত ওয়েব সাইটে প্রবেশ করে 'edenstudent' ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে। ওয়েবসাইটটি ওপেন হওয়ার পর Admission ট্যাব ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে। ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি পূরণ করে "উপায় (Biller ID: Eden Mohila College)" এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। মোবাইল ব্যাংকিং এ বিজ্ঞপ্তিতে নির্ধারিত টাকার চেয়ে কম বা বেশি টাকা দেখালে পেমেন্ট না করে বিভাগে জানাতে হবে। ভর্তি ফরমটি প্রিন্ট করে সকল বর্ষের মার্কসীট (অনলাইন কপি) ও পে-রিসিটসহ কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ভর্তি ফরম বিভাগে জমা না দিলে তার ভর্তি নিশ্চিত হবে না।

৫। **বিভাগের করণীয়:** বিভাগ ভর্তিকৃত ছাত্রীর ফরম ও অন্যান্য তথ্যাদি জমা নিবেন এবং অনলাইনে ভর্তি নিশ্চিত করবেন।

বিঃদ্রঃ ভর্তি ফরম পূরণে কোন সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।


5-05-2024
(অধ্যাপক ফেরদৌসী বেগম)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।



কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৬। সংরক্ষণ নথি।